

## 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৪৫৪

১৬. জিহাদ অধ্যায় (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৩. যুদ্ধাভিযানে নাবী (ﷺ) এর সাহাবীগণের উপর যে সকল কঠিন বিপদাপদ আপতিত হয়েছে

بَاب مَا أَصَابَ أَصْحَابَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي مَغَازِيهِمْ مِنَ الشَّدَّةِ

আরবী

أَخْبَرَنَا يَعْلَى حَدَّثَنَا إِسْمَاعِيلُ عَنْ قَيْسٍ عَنْ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ قَالَ كُنَّا نَغْزُو مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا لَنَا طَعَامٌ إِلَّا السَّمُرُ وَوَرَقُ الْحُبْلَةِ حَتَّى إِنَّ أَحَدَنَا لَيَضَعُ كَمَا تَضَعُ الشَّاةُ مَا لَهُ خِلْطٌ ثُمَّ أَصْبَحَتْ بَنُو أُسْدٍ يُعْزِرُونِي لَقَدْ خِبتُ إِذْنُ وَضَلَّ عَمَلِيهِ

বাংলা

২৪৫৪. সা'দ ইবনু আবী ওয়াক্কাস রাঈয়াল্লাহু আনহু-থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সংগে থেকে যুদ্ধ করেছি। তখন 'সামুর' ও 'হুবলা' (নামক দু' প্রকার) গাছের পাতা ব্যতীত আমাদের কোন আহার্য ছিল না। এমনকি আমাদেরকে (কোষ্ঠকাঠিন্য হেতু) উট অথবা ছাগলের ন্যায় বড়ির মত মল ত্যাগ করতে হত। আর এখন কি-না (এ অবস্থা দাঁড়িয়েছে যে,) বনু আসাদ আমাকে (ইসলামের ব্যাপারে) তিরস্কার করছে! তাহলে তো আমি অত্যন্ত ক্ষতিগ্রস্ত হয়ে গিয়েছি এবং আমার আমলসমূহ বৃথাই গেছে।'[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, ফাযাইলুস সাহাবাহ ৩৭২৮; মুসলিম, যুহদ ২৯৬৬।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৭৩২ ও মুসনাদুল হুমাইদী নং ৭৮ তে।

আহমাদ ২/১৮৯, ২১৫; ইবনু মাজাহ, দিয়াত ২৬৫৫; বাইহাকী, দিয়াত ৮/৮১; আবু দাউদ, দিয়াত, ৪৫৬৬; নাসাঈ, কাসামাহ ৮/৫৭ তিরমিযী, দিয়াত ১৩৯০; ইবনুল জারুদ, আল মুনতাক্বা নং ৭৮১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সা'দ বিন আবু ওয়াক্কাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82737>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন